

## বরখাস্তের নোটিশ

স্কুলের সাথে যোগাযোগ করার জন্য টেলিফোন দোভাষী পরিষেবা ব্যবহার করা

শিক্ষার্থীর নাম

Name of student

প্রিয় পিতামাতা/পরিচর্যাকারী

সংযুক্ত চিঠিতে বরখাস্তের নোটিশের বিবরণ রয়েছে যা আমি NSW শিক্ষা বিভাগের শিক্ষার্থী আচরণ নীতি এবং বরখাস্ত ও বহিষ্কার পদ্ধতি অনুসারে আপনার সন্তানকে জারি করেছি।

চিঠিতে বরখাস্ত নিয়ে আলোচনা করতে এবং আপনার সন্তান স্কুলে ফিরে এলে তার সহায়তার পরিকল্পনা করার জন্য আপনাকে একটি সমাধান সভায় অংশ নেওয়ার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে। যখন স্কুল আপনার সাথে যোগাযোগ করবে, অনুগ্রহ করে সভায় আপনার কোনও দোভাষীর প্রয়োজন হলে আমাদের জানান এবং আমরা এটির ব্যবস্থা করব। সংযুক্ত চিঠিটি বুঝতে আপনার যদি অসুবিধা হয় তবে অনুগ্রহ করে স্কুলের সাথে যোগাযোগ করুন যাতে আমরা ব্যাখ্যা করতে পারি।

আপনার সন্তানকে বরখাস্ত করা হলে কি করতে হবে সে সম্পর্কে তথ্য সংযুক্ত করা হয়েছে।

স্কুলের সাথে যোগাযোগ করার সময় আপনার যদি দোভাষীর সহায়তার প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে 131 450 নম্বরে কল করুন ও আপনার ভাষায় একজন দোভাষীর জন্য জিজ্ঞাসা করুন। আপনি যে ফোন নম্বরটি কল করতে চান তা অপারেটরকে বলুন এবং আপনার কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য তারা লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোনও অর্থ দিতে হবে না।

অধ্যক্ষের নাম

Name of Principal

অধ্যক্ষের ফোন নম্বর

Principal's phone number